

## 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৩৮২৩

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ হজের সময় কোন নারীর ঋতুস্রাব শুরু হলে তিনি শুধু বাইতুল্লাহর তাওয়াফ ছাড়া হাজীদের মত সমস্ত কাজ করবেন মর্মে বর্ণনা

ذِكْرُ الْأَمْرِ لِلْمَرْأَةِ إِذَا حَاضَتْ أَنْ تَعْمَلَ عَمَلَ الْحَجِّ خَلَا الطَّوَافَ بِالْبَيْتِ

আরবী

3823 - أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا سُفْيَانُ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ الْقَاسِمِ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ قَالَتْ: خَرَجْنَا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا نَنْوِي إِلَّا الْحَجَّ فَلَمَّا كُنَّا بِسَرْفَ حِضْنُ فَدَخَلَ عَلَيَّ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَنَا أَبْكِي فَقَالَ: (مَا لَكَ أَنْفَسَتْ؟) فَقُلْتُ: نَعَمْ فَقَالَ: (هَذَا أَمْرٌ كَتَبَهُ اللَّهُ عَلَى بَنَاتِ آدَمَ فَأَقْضِي مَا يَقْضِي الْحَاجُّ غَيْرَ أَنْ لَا تَطُوفِي بِالْبَيْتِ) وَضَحَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ نِسَائِهِ الْبَقَرِ.

الراوي : عَائِشَةُ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3823 | خلاصة حكم المحدث: صحيح - ((الإرواء)) (191) ،

((الحج الكبير)): ق.

বাংলা

৩৮২৩. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “আমরা আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বের হই, এসময় আমরা কেবল হজের নিয়ত করি। অতঃপর যখন আমরা সারিফ নামক জায়গায় যাই, তখন আমার হয়েয হয়। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমার কাছে আসেন, তখন আমি কাঁদছিলাম। তিনি বলেন, “কী ব্যাপার, তোমার কী ঋতুস্রাব হয়েছে?” আমি বললাম, “জ্বী, হ্যাঁ।” তখন তিনি বলেন, “এটা এমন একটা বিষয়, যা আল্লাহ সমস্ত আদম আলাইহিস সালামের কন্যাদের জন্য নির্ধারণ করে দিয়েছেন। কাজেই অন্যান্য হাজীগণ যা করে, তুমিও তা-ই করো।” আর আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর স্ত্রীদের পক্ষ থেকে গরু কুরবানী করেন।”[1]

## ফুটনোট

[1] ইমাম শাফেঈ: ৩৮৯-৩৯০; হুমাঈদী: ২০৬; সহীহুল বুখারী: ২৯৪; সহীহ মুসলিম: ১২১১; ইবনু মাজাহ: ২৯৬৩; সহীহ ইবনু খুযাইমাহ: ২৯৩৬; সুনান বাইহাকী: ১/৩০৮; আবু দাউদ: ১৭৮২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ১৯১)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93162>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন